দর্শনায় শিশু ধর্ষন মামলার আসামী গ্রেফতার

দর্শনায় শিশু ধর্ষন মামলার আসামী জাহাঙ্গীর আলম ওরফে পচা (৪৫) নামের এক ধর্ষককে গ্রেফতার করেছে পুলিশ।

গতকাল সোমবার ৮ জুলাই দিবাগত রাত সোয়া ৩ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই সুজন আলী সঙ্গীয় অফিসার ফোর্সসহ স্থানীয় সোর্সর মাধ্যমে সংবাদ প্রাপ্তি হয়ে অভিযান পরিচালনা করেন দর্শনা পৌরসভাধীন ঈশ্বরচন্দ্রপুর গ্রামে। এ অভিযানে শিশু ধর্ষন মামলার আসামী জাহাঙ্গীর আলম ওরফে পচা (৪৫) নামের এক ধর্ষককে গ্রেফতার করেন। গ্রেফতারকৃত ধর্ষক দর্শনা পৌরসভাধীন ঈশ্বরচন্দ্রপুর গ্রামের মৃত খেদের আলীর ছেলে।

পুলিশ জানায়, গত ৩০ জুন রোববার দর্শনা পৌরসভাধীন ঈশ্বরচন্দ্রপুর গ্রামের শফিকুল্লাহর স্ত্রী বিউটি পারিবারিক প্রয়োজনে ঢাকায় যান। এসময় তার ছেলে সাজিদ শাহারিয়ারকে মৃত খেদের আলীর ছেলে তার চাচাতো ভাই আলমের (৪০) বাড়ীতে রেখে যান। কিন্তু তার বাড়ীর রুমের সল্পতা থাকার কারণে বাদীর ছেলে পাশে থাকা জাহাঙ্গীর আলম ওরফে পচার বসত ঘরে ঘুমায়। গত ৭ জুলাই রোববার দিবাগত রাত আড়াইটার দিকে জাহাঙ্গীর আলম ওরফে পচা বসত বাড়ীর শয়ন কক্ষের ভিতরে সাজিদ শাহারিয়ার পরিহিত প্যান্ট খুলে মুখ চেপে ধরে জোর পূর্বক ধর্ষণ করে। এ বিষয়ে দর্শনা থানায় শিশু সাজিদ শাহারিয়ার মা বিউটি বাদী হয়ে ধর্ষণের অভিযোগে দর্শনা থানায় একটি এজাহার করেন জাহাঙ্গীর আলম ওরফে পচার বিরুদ্ধে।

এ অভিযোগের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই সুজন আলী সঙ্গীয় অফিসার ফোর্সসহ স্থানীয় সোর্সর মাধ্যমে সংবাদ পেয়ে সোমবার দিবাগত রাত সোয়া ৩ টার দিকে অভিযান পরিচালনা করেন দর্শনা ঈশ্বরচন্দ্রপুর গ্রামের আসামীর বসত বাড়ী। এ অভিযান পরিচালনা করে আসামী জাহাঙ্গীর আলম ওরফে পচাকে তার বসতঘর হতে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীকে আজ মঙ্গলবার চুয়াডাঙ্গা কোট পুলিশে সোপর্দ করা হয়েছে।

দর্শনার আলোচিত মাদক ব্যবসায়ী কালু গাঁজাসহ গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনার আলোচিত মাদক ব্যবসায়ী কালুকে (৩৯) ৫ গ্রাম গাঁজাসহ গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

জানা যায় গতকাল সোমবার ভোরে চুয়াডাঙ্গার দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে দর্শনা থানার এস আই সেকেন্দার আবু জাফর সঙ্গীয় অফিসার গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা পৌর এলাকার আজমপুরের জোর আলী মিজির ছেলে আফজাল হোসেন ওরফে কালু (৩৯)’র বাড়িতে অভিযান চালায়।

এসময় কালুর বসত ঘরের শয়ন কক্ষের খাটের নিচ হতে অবৈধ মাদকদ্রব্য ৫শগ্রাম গাঁজা উদ্ধার পূর্বক জব্দ ও কালুকে গ্রেফতার করে। সকালে গ্রেফতারকৃত কালুর বিরুদ্ধে দর্শনা থানায় মামলা করা হয়।

উল্লেখ্য আজমপুরে কালুর বাড়ি রাতে বিভিন্ন এলাকার মাদক ক্রেতারা এসে মাদক ক্রয় করে বলে এলাকাবাসি জানায়।বেশ কয়েক বছর ধরে এলাকায় মাদক কারবার করে আসছিল। কেউ কিছু বললে সকলকে ম্যানেজ করে এ ব্যবসা করে আসছিল বলে নিজেকে জহির করতো।

এ ঘটনায় কালুকে মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় ফেনসিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১৮ বোতল ফেনসিডিলসহ আল আমিনকে (২৪) গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত আল আমিন দর্শনা পৌরসভার আজমপুর গোরস্থান পাড়ার

আব্দুস ছাত্তারের ছেলে। জানাযায় আজ মঙ্গলবার ২ জুলাই ভোর পৌনে ৫ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা আজমপুর গোরস্থান পাকা রাস্তার উপর। এ সময় দর্শনা থানার এসআই সেকেন্দার আবু জাফর গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে আল আমিনকে গ্রেফতার করে।পরে তার কাছে থাকা ১৮ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ বিষয়ে গ্রেফতারকৃত আল আমিনের বিরুদ্ধে দর্শনা থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

দর্শনায় বিট পুলিশিং ও উঠান বৈঠক সভা অনুষ্টিত

“বিট পুলিশিং বাড়ি বাড়ি, নিরাপদ সমাজ গড়ি” এ স্লোগানকে সামনে রেখে আজ মঙ্গলবার (২ জুলাই) বিকাল ৫ টার দিকে দর্শনা বাসস্ট্যান্ড চৌরাস্তার মোড়ে এ সভা অনুষ্টিত হয়।

বিট পুলিশিং ও পথসভায় মাদক, সন্ত্রাস, জঙ্গীবাদ, নারী নির্যাতন, ইভটিজিং ও আত্মহত্যা প্রবনতা প্রতিরোধ, বাল্যবিবাহ মুক্ত সমাজ গড়ার লক্ষে জনসচেতনতা মূলক উঠান বৈঠক করে দর্শনা থানা পুলিশ।

এ সময় দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহা কঠোর হুশিয়ারি দিয়ে বলেন অন্যায়কারী যে কেউ হোক কাউকেই ছাড় দেওয়া হবে না এবং কোন প্রকার সুপারিশ চলবে না । আপনারা তথ্য দিয়ে পুলিশকে সহযোগিতা করুন এবং নিরাপদ থাকুন ।

এ সময় আরও উপস্থিত ছিলেন দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই টিপু সুলতান, এস আই সেকেন্দার আবু জাফর, এস আই ফাহিম হোসেন, এস আই সোহেল রানা, এস আই শামীম হোসেন, এ এস আই আবু বক্কর সিদ্দিক, এ এস আই মারুফুল ইসলাম, এ এস আই শেখ আবু হানিফ, এ এস আই ইব্রাহীম হোসেন,এ এস আই শাহিন।

এছাড়াও উপস্থিত ছিলেন, দর্শনা রিক্সা ভ্যান শ্রমিক ইউনিয়নের

সভাপতি হবা জোয়াদ্দার, সাধারন সম্পাদক এনামৃল হক,সহ সভাপতি তনু মন্ডল জয়েন্ট সেক্রেটারি বিল্লাল হোসেন,সাংগঠনিক সম্পাদক,জাফর হোসেন,কোষাধ্যক্ষ আবুল হোসেন,মেম্বার শুকুর আলী গণ্যমান্যব্যক্তিবর্গ, ব্যবসায়ী ও সাংবাদিকবৃন্দ।

দর্শনা থানা পুলিশের পথসভা ও উঠান বৈঠক অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার দর্শনা থানা পুলিশ কুড়ালগাছি ও মদনায় জনসচেতনতা মৃলক পথসভা ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকালে দর্শনা থানার কুড়ুলগাছি বাজার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের মদনা ও সাড়াবাড়িয়া বাজারে জনসচেতনতা মুলক পথ সভা ও উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

এসময় দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার শাহা কঠোর হুশিয়ারী দিয়ে বলেন, মাদক, ইভটিজিং, বাল্য বিবাহ, সন্ত্রাস-জঙ্গীবাদ, চোর, ডাকাত, মাদক ও ছিনতাইকারীদের কোন ছাড় নেই। কোন প্রকার সুপারিশ চলবে না। বাল্য বিবাহ,সন্ত্রাস দমন ও মাদক প্রতিরোধে প্রশাসনকে সর্বাত্তোক সহযোগিতা করার আহব্বান জানান তিনি।তিনি আরও বলেন যারা মাদক ব্যাবসা করে সুন্দর সুন্দর বাড়ি বানিয়েছে তাদের খোজ খবর নিয়ে ওপর মহলে পাঠিয়ে তাদের ঘর বাড়ি নিলাম করে দেওয়া হবে।মাদকের সাথে কোন রকম আপোষ চলবে না।মাদক ব্যাবসায়ীরা যত শক্তিশালী হোক না কেন যে কোন দলের হোক কোন প্রকার ছাড় দেওয়া হবে না।আমি যতদিন দর্শনা থানায় আছি মাদকের সাথে কোন রকম আপোষ করবো না।

এ পথ সভায় আরও উপস্থিত ছিলেন দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই টিপু সুলতান, এস আই সেকেন্দার আবু জাফর, এস আই ফাহিম হোসেন,এস আই সোহেল রানা, এস আই শামীম হোসেন, এ এস আই আবু বক্কর সিদ্দিক, এ এস আই মারুফুল ইসলাম,এ এস আই শেখ আবু হানিফ,এ এস আই ইব্রাহীম হোসেন,

এছাড়াও বিভিন্ন বাজরের স্থানীয় ইউপি সদস্য, গণ্যমান্যব্যক্তিবর্গ, ব্যবসায়ীবৃন্দ উপস্থিত ছিলেন।

চিনিকলটি টিকিয়ে রাখার স্বার্থে বেশি বেশি আখ লাগান–এমডি মোশারফ হোসেন

সেচ সার যত্ন তিনে মিলে রত্ন ও পোকা দমন হাতে- নাতে কম খরচে সুফল তাতে,এ স্লোগানকে সামনে রেখে একর প্রতি আখের ফলন বৃদ্ধি ও গুনগত মানসম্পর্ন আখ উৎপাদনের লক্ষে আধুনিক কলাকৌশল প্রয়োগ শীর্ষক কর্মশালা ও কেরুর খামার দিবস ২০২৪ পালিত হয়েছে।

আজ শনিবার (২৯ জুন) সকাল সাড়ে ১০ টায় কেরু এ্যান্ড কোম্পানীর কৃষি বিভাগের আয়োজনে আকন্দবাড়িয়া পরিক্ষা মৃলক খামারে এ খামার দিবস অনুষ্ঠিত হয়।

এ খামার দিবসে কেরু এ্যান্ড কোম্পানীর মহাব্যাবস্থাপক জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়ার সভাপতিত্বে এ খামার দিবস অনুষ্ঠিত হয়। খামার দিবসে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন,এ সময় তিনি বলেন,আপনারা বেশি বেশি আখ লাগান আপনাদের আখের মৃল্য বৃদ্ধি করা হয়েছে। আগামীতে আবার আখের মৃল্য বৃদ্ধি করা হবে। তাই এ বৃহত্তর প্রতিষ্ঠান ঠিকিয়ে রাখতে হলে আখ চাষের কোন বিকল্প নেই।তাই ভালো জাতের বীজ রোপন করেন দেখবেন আপনারা লাভবান হচ্ছেন।তাই আখ চাষীদের কথা চিন্তা করে প্রতি টন ৬ হাজার টাকা করা হয়েছে। আখ চাষীদের কথা চিন্তা করে আমরা আধুনিক পদ্ধতিগতভাবে আখ চাষ করা হচ্ছে,এ ভাবে আখ চাষ করা হলে আপনারা বেশি লাভবান হবেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন,মহাব্যাবস্থাপক কারখানা সুমন কুমার শাহা, মহাব্যাবস্থাপক অর্থ আব্দুস সাত্তার,মহাব্যাবস্থাপক এ ডি এম ইউসুফ আলী, আকন্দবাড়িয়া পরিক্ষা মৃলক খামার ইনচার্জ দেলোয়ার হোসেন, কেরু এ্যান্ড কোম্পানীর শ্রমিক কর্মচারী ইউনিয়নের

সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, আখচাষী কল্যান সমিতির সভাপতি আব্দুল হান্নান, সাধারন সম্পাদক আঃ বারী, আখচাষীদের মধ্যে বক্তব্য রাখেন, কেরুর শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি হাফিজুর রাহমান হাফিজ, আফজালুল হক ধীরু, আব্দুল আওয়াল,শামীম হোসেন, প্রমুখ।

এ অনুষ্ঠানটি পরিচালনা করেন কৃষি সম্পাসারন অধিদপ্তরের ডি জি এম মাহবুবুর রহমান।

দর্শনায় সাজাপ্রাপ্ত পলাতক আসামী গ্রেফতার

দর্শনা থানা পুলিশের বিশেষ অভিযানে সাজাপ্রাপ্ত পলাতক আসামী আলতাফ হোসেনকে গ্রেফতার করা হয়েছে।

সোমবার দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এএসআই আবু বক্কর সিদ্দিক, এএসআই শেখ আবু হানিফ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামে অভিযান পরিচালনা করেন।

এ অভিযানে এক বছরের বিনাশ্রম কারাদন্ড ও ২০ লক্ষ দশ হাজার টাকা জরিমানার সাজাপ্রাপ্ত পালাতক আসামী
আলতাফ হোসেন ওরফে খোকাকে (৫০) গ্রেফতার করা হয়। সে চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের ফুরশেদপুর গ্রামের বাসিন্দা ও সুলতান আহম্মেদের ছেলে।

এদিকে পুলিশের কাজে বাঁধা সৃস্টি করার অপরাধে একই ইউনিয়নের হরিশপুর গ্রামের শরিফুল ইসলাম (৩৫) নামের একজনকেও গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত শরিফুল ইসলাম হরিশপুর গ্রামের আজিজুল হকের ছেলে। গ্রেফতারকৃত আসামীদেরকে বিচারার্থে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দর্শনা-চিলাহাটি রুটে চলছে সক্ষমতার চেয়ে বেশি ট্রেন

চুয়াডাঙ্গার দর্শনা থেকে নীলফামারীর চিলাহাটি পর্যন্ত রেলপথটি বেশ পুরনো। প্রতিদিনই এ পথে চলাচল করছে সক্ষমতার চেয়েও বেশি ট্রেন। অন্যদিকে ব্যস্ত এ রেলপথ ব্যবহার করেই পশ্চিমবঙ্গের গেদে থেকে ভুটান সীমান্তবর্তী ডালগাঁও পর্যন্ত নিজেদের ট্রেন পরিচালনার সুযোগ পাচ্ছে ভারত।

নয়াদিল্লির হায়দরাবাদ হাউজে গত শনিবার প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপস্থিতিতে দুই দেশের মধ্যে রেল যোগাযোগ নিয়ে সমঝোতা স্মারক (এমওইউ) সই হয়। এরপর সংবাদ সম্মেলনে ভারতের পররাষ্ট্র সচিব বিনয় মোহন কোয়াত্রা বাংলাদেশের রেলপথ ব্যবহারের বিষয়টি ব্যাখ্যা করেন। তিনি জানান, বাংলাদেশ রেলওয়ের পথ ব্যবহার করে গেদে-দর্শনা থেকে হলদিবাড়ি-চিলাহাটি ক্রসবর্ডার ইন্টারচেঞ্জ পয়েন্ট পর্যন্ত একটি পণ্যবাহী ট্রেনের ট্রায়াল চালানো হবে। আগামী মাসে কোনো এক সময়ের জন্য এর পরিকল্পনা করা হয়েছে। আর এটি ভুটানের সঙ্গে উপ-আঞ্চলিক সংযোগে সহায়তা করবে।

বাংলাদেশ রেলওয়ের ছয়টি সেকশনের মধ্যে পড়েছে দর্শনা থেকে চিলাহাটি পর্যন্ত রেলপথটি। সেকশনগুলো হলো দর্শনা-পোড়াদহ, পোড়াদহ-ঈশ্বরদী, ঈশ্বরদী-আব্দুলপুর, আব্দুলপুর-সান্তাহার, সান্তাহার-পার্বতীপুর ও পার্বতীপুর-চিলাহাটি। রেলওয়ের সর্বশেষ ৫৩তম ওয়ার্কিং টাইম টেবিল বইয়ের তথ্য অনুযায়ী, আব্দুলপুর-সান্তাহার ও সান্তাহার-পার্বতীপুরে বর্তমানে রেলপথের যে সক্ষমতা তার চেয়ে অতিরিক্ত ১৪টি ট্রেন চলছে। আর সক্ষমতার চেয়ে একটি ট্রেন বেশি চলছে পার্বতীপুর-চিলাহাটি সেকশনে।

যদি ভারতের মালবাহী ট্রেনগুলো বাংলাদেশের রেলপথের দুর্বল অংশগুলোয় গতি কমিয়ে চলে, তাহলে বাংলাদেশের রেল যোগাযোগ ব্যবস্থায় বিরূপ প্রভাব পড়ার শঙ্কা রয়েছে।’ এমন প্রেক্ষাপটে ভারতকে ট্রেন চালানোর অনুমতি দেয়ার আগে বিষয়গুলো যথাযথভাবে

যাচাই করার পরামর্শ দিয়েছেন এ বিশেষজ্ঞ।

দর্শনা-চিলাহাটি রুটে শুধু যে সক্ষমতার বেশি ট্রেন চলছে তা-ই নয়, এ পথে যাত্রী ও পণ্যবাহী ট্রেনের চাহিদাও ক্রমবর্ধমান। তাই ট্রেনের সংখ্যাও প্রতিনিয়ত বাড়ছে। রেলওয়ের তথ্য অনুযায়ী, এ রুটের সবচেয়ে ব্যস্ততম সেকশন হলো ঈশ্বরদী-আব্দুলপুর। ২০১৭-১৮ অর্থবছর এ সেকশনে প্রতিদিন গড়ে ৪০টি যাত্রীবাহী ট্রেন ও দুটি মালবাহী ট্রেন চলাচল করেছে। ট্রেনগুলো প্রতিদিন গড়ে ৫১৫টি কোচ, ৮০টি ওয়াগন ব্যবহার করেছে। এর পরের অর্থবছরে সেকশনটিতে প্রতিদিন চলাচল করা যাত্রীবাহী ট্রেনের সংখ্যা বেড়ে দাঁড়ায় ৪১টিতে। একই সময়ে যাত্রী ও পণ্যবাহী ট্রেনের চাহিদা বেড়েছে দর্শনা-চিলাহাটি রুটের অন্য সেকশনগুলোয়ও।

রেলপথের সক্ষমতার চেয়ে বেশি ট্রেন চলায় এবং ক্রমাগত পণ্য ও যাত্রীবাহী ট্রেনের চাহিদা বাড়তে থাকায় দর্শনা-চিলাহাটির রেলপথটির ওপর এরই মধ্যে বাড়তি চাপ তৈরি হয়েছে বলে জানিয়েছেন বাংলাদেশ রেলওয়ের একাধিক কর্মকর্তা। এমন প্রেক্ষাপটে তাদের শঙ্কা, বিদ্যমান অবকাঠামোর উন্নতি না করে ভারতের ট্রেন চলাচলের সুযোগ দিলে এ চাপ আরো বাড়বে।

বাংলাদেশ ট্রান্স-এশিয়ান রেলপথে যুক্ত হোক কিংবা ভারতকে ট্রানজিট সুবিধা দিক, বিনিময়ে বাংলাদেশ যেন মুনাফার ন্যায্য ভাগ পায়, সেদিকে নজর দেয়ার ওপর গুরুত্বারোপ করছেন বিশেষজ্ঞরা। এ সম্পর্কে অধ্যাপক ড. হাদিউজ্জামান বলেন, ‘বাংলাদেশের ভেতর দিয়ে ভারত ট্রেন পরিচালনা করলে তাদের দূরত্ব অনেকটাই কমে যাবে। তাদের পণ্য সরবরাহ সক্ষমতা বাড়বে। পণ্য পরিবহনের ব্যয় কমবে। ভারতের এ লাভ-ক্ষতির হিসাবটাও আমাদের বিবেচনায় নিতে হবে।’

দর্শনায় পৃথক অভিযানে ফেনসিডিল ও সাজাপ্রাপ্ত আসামীসহ

গ্রেফতার ২

দর্শনা থানা পুলিশ পৃথক অভিযান চালিয়ে নাস্তিপুর গ্রাম থেকে ২৩ বোতল ফেনসিডিল পাখিভ্যানসহ হাসান আলীকে (২৬)গ্রেফতার করেছে।গ্রেফতারকৃত হাসান আলী পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর বেলেমাঠ পাড়ার সালামিন মিয়ার ছেলে।

জানাযায় গত শনিবার রাত ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে অভিযান চালায় দর্শনা পৌরসভার রামনগর ফুটবল মাঠের পশ্চিম পাশে।এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানা গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ একটি পাখি ভ্যান চালকে চ্যালেন্জ করে।পরে তার পাখিভ্যান তল্লাশি করে ২৩ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় তার বিরুদ্ধে দর্শনা থানায় একটি মাদক আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে। অপরদিকে শনিবার রাত সাড়ে ১১টার দিকে দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে দুইটি সি আর মামলার দীর্ঘদিনের পলাতক আসামী ছয়ঘরিয়া গ্রামের নাসির উদ্দিনকে (৪২)গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃত নাসির উদ্দীন পার কৃষ্ণপুর মদনায় ইউনিয়নের ছয়ঘরিয়া, গ্রামের দাউদ মন্ডলের ছেলে।গতকালই দুজনকে চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনা পৌর আওয়ামী লীগের উদ্যোগে ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকী ‘প্লাটিনাম জয়ন্তী’বলেন, আওয়ামী লীগ প্রতিষ্ঠা হওয়ার পর আমাদের সবচেয়ে বড় সফলতা হলো বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে দেশ স্বাধীনতা লাভ করে। স্বাধীনতা হলো আওয়ামী

লীগের সবচেয়ে বড় প্রাপ্তি। আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকারের হাত ধরে উন্নয়ন অর্জনে বাংলাদেশ আজ অনন্য উচ্চতায় নিয়ে গিয়েছে। তিনি আরও বলেন, আওয়ামী লীগ সরকার ভিশন-২০৪১ উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণের দিকে এগিয়ে যাচ্ছে। বাংলাদেশের সকল অর্জনের মূলে রয়েছে আওয়ামী লীগের অবদান।

চুয়াডাঙ্গার দর্শনায় নানা কর্মসূচির মধ্য দিয়ে আওয়ামীলীগের প্লাটিনাম জয়ন্তী উদযাপন করা হয়েছে।

আজ রোববার ২৩জুন আওয়ামী লীগের ৭৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে দর্শনা পৌর আওয়ামী লীগের আয়োজনে দর্শনা বঙ্গবন্ধু চত্বরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর । কর্মসূচির মধ্যে ছিল- জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, গাছের চারা রোপণ, আনন্দ শোভাযাত্রা, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল ইত্যাদি। দর্শনা পৌর বঙ্গবন্ধু চত্বরে সকালে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের পর বেলুন উড়িয়ে কর্মসূচির উদ্বোধন করেন।

চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগরের নেতৃত্বে এক বর্ণাঢ্য আনন্দ শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে দর্শনা অডিটোরিয়ামের হলরুমে দর্শনা পৌর আ,লীগের সভাপতি বীরমুক্তিযোদ্ধা রুস্তম আলীর সভাপতিত্বে, দর্শনা পৌর আ,লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফের প্রাণবন্ধ সঞ্চলনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন , দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও দর্শনা পৌর আ,লীগের সাধারণ সম্পাদক মোঃ আলী মুনছুর বাবু, সাবেক কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু, চেয়ারম্যান হযরত আলী, আব্দুল করিম বিশ্বাস, শফিকুল ইসলাম, কামাল উদ্দীন, উপজেলার বিভিন্ন ইউনিয়নের সভাপতি ও সাধারণ সম্পাদক সরোয়ার হোসেন, নজির আহম্মদ, শাফিক , রেজাউল করিম, আবু সাইদ খোকন । দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক সাজু আহম্মদ রিংকু প্রমূখ।